# Times Today BD

মো. নাঈম | বরিশাল | 13 May, 2025

ঝালকাঠির রাজাপুরে নিবন্ধিত ৩০ জন জেলের মাঝে বিকল্প কর্মসংস্থানের অংশ হিসেবে বকনা বাছুর বিতরণ করা হয়েছে।২০২৪-২৫ অর্থবছরের "দেশীয় প্রজাতির মাছ ও শামুক সংরক্ষণ এবং উন্নয়ন" প্রকল্পের আওতায় এ সহায়তা প্রদান করা হয়।

মঙ্গলবার (১৩ মে) বেলা ১১টায় রাজাপুর উপজেলা পরিষদ চত্বরে এই বকনা বাছুর বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।প্রতিজন জেলেকে একটি করে বাছুর প্রদান করা হয়, যাতে তারা মৎস্য আহরণের পাশাপাশি গবাদিপশু পালন করে অতিরিক্ত আয় করতে পারেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রাহুল চন্দ্র।তিনি বলেন, "সরকারের লক্ষ্য হলো জেলেদের জীবনমান উন্নয়ন এবং বিকল্প আয়ের সুযোগ সৃষ্টি করা।শুধু মাছ ধরার উপর নির্ভর না করে গবাদিপশু পালনের মাধ্যমে তারা একটি টেকসই জীবিকা গড়ে তুলতে পারবেন।"

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মো. আবদুল্লাহ।তিনি বলেন, "গবাদিপশু পালনের ক্ষেত্রে আমাদের দপ্তরের পক্ষ থেকে প্রয়োজনীয় ভেটেরিনারি সেবা ও পরামর্শ প্রদান করা হবে।আমরা চাই জেলেরা এই সহায়তা সঠিকভাবে ব্যবহার করে নিজেদের জীবনমান উন্নত করুন।"

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা গৌতম মন্ডল।তিনি বলেন, "দেশীয় মাছ ও শামুক সংরক্ষণ প্রকল্পের মূল উদ্দেশ্য শুধু প্রাকৃতিক সম্পদ রক্ষা নয়, বরং

যারা এই সম্পদের ওপর নির্ভরশীল, যেমন–জেলেরা, তাদের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করাও এর অন্যতম লক্ষ্য।’

বকনা বাছুর পেয়ে খুশি জেলেরা। তারা জানান, এই গরুগুলো বড় হলে দুধ বিক্রি ও বংশবিস্তারের মাধ্যমে আয় বৃদ্ধি সম্ভব হবে।এতে তাদের সংসারে নতুন সম্ভাবনার দ্বার খুলবে। সরকারি এই উদ্যোগকে স্বাগত জানিয়ে স্থানীয় জনগণও আশা প্রকাশ করেন, ভবিষ্যতে এমন কার্যক্রম আরও বিস্তৃত হবে এবং অন্য পেশাজীবীরাও এর আওতায় আসবে।

জেলে

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:31

URL: https://www.timestodaybd.com/public/barishal/2429775807